

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা

নৈতিকতা (Ethics) বিষয়ক ত্রৈমাসিক সভার ডিসেম্বর/২০১৯ মাসের কার্যবিবরণী

সভাপতি	এ. বি. এম. আরশাদ হোসেন মহাপরিচালক
সভার তারিখ	২৯/১২/২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ০৪:৩০ ঘটিকা
স্থান	অধিদপ্তরের মিনি সম্মেলনকক্ষ (১১ তলা, রুম, নম্বরঃ ১১০১)
উপস্থিতি	সংলাগ-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি নৈতিকতা (Ethics) বিষয়ক সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে সবাইকে তৎপর হওয়ার জন্য এবং আইসিটি অধিদপ্তরের সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োগ করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুরোধ করেন। সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণের আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/ বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/কর্তৃপক্ষ
১	যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি	অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে (সকাল ৯:০০ টার পূর্বে) অফিসে আবশ্যিকভাবে উপস্থিত হতে হবে। আইসিটি টাওয়ারের মূল ফটকে বিসিসি ই-পাস সিস্টেমে স্ব স্ব আইডি কার্ড ব্যবহারপূর্বক অফিসে প্রবেশ ও বহিঃগমন নিশ্চিত করতে হবে। অফিসে সংরক্ষিত সংশ্লিষ্ট হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী, আইসিটি অধিদপ্তর।
২	সার্বিক পরিষ্কার ও পরিচ্ছন্নতা	অফিসের টয়লেট, সকল কক্ষ সহ সমগ্র অফিস স্পেস এবং সিড়ির জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।	পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মী এবং সকল কর্মকর্তা/কর্মচারী, আইসিটি অধিদপ্তর।
৩	দাপ্তরিক দায়িত্ব পালন	চলমান আইন ও বিধি বিধান এবং ন্যায় নীতির আলোকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সহিত যথাযথভাবে দায়িত্ব পালনে সচেষ্ট হতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী, আইসিটি অধিদপ্তর।
৪	নিয়মিতভাবে নির্ভুল প্রতিবেদন দাখিল	সকল প্রতিবেদন প্রেরণে সচেষ্ট হতে হবে এবং যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে ও নিয়মিতভাবে ফলো-আপ নিতে হবে।	সকল শাখা-অধিশাখা প্রধান এবং সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি অধিদপ্তর।

৫	ক্রয় সংক্রান্ত ও আর্থিক স্বচ্ছতা	ক্রয়/কেনা-কাটার ক্ষেত্রে যথাসম্ভব কম খরচে মানসম্মত হয় সেদিকে সুদৃষ্টি রাখতে হবে এবং সমস্ত আর্থিক কার্যক্রমে স্বচ্ছতার বিষয়ে সজাগ থাকতে হবে।	অর্থ ও সেবা শাখা এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখা, আইসিটি অধিদপ্তর।
৬	উত্তম সেবা প্রদান	সিটিজেন চার্টার অনুযায়ী উত্তম সেবা নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, আইসিটি অধিদপ্তর।
৭	অন্যান্য	উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য অর্পিত দায়িত্ব ও উদ্ভূত বিষয়সমূহে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সহিত পালনের মন-মানসিকতা গড়ে তুলতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী, আইসিটি অধিদপ্তর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ. বি. এম. আরশাদ হোসেন
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.০৬.০০২.১৯.৮৩

তারিখ: ২৮ পৌষ ১৪২৬

১২ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) জনাব,

৪) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তাগণ



মোঃ ফিরোজ সরকার
উপ-পরিচালক